# ঢাকা বিশ্ববিদ্যালয় বার্তা

ঢাকা বিশ্ববিদ্যালয়

৩২ বর্ষ ২২তম সংখ্যা | ওয়েব সাইট : http://www.du.ac.bd (DU Barta) | ১৬ অগ্রহায়ণ ১৪২৫, ৩০ নভেম্বর ২০১৮





ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি কর্তৃক বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের ৩৩ জন অবসরপ্রাপ্ত শিক্ষককে সংবর্ধনা প্রদান করা হয়েছে। গত ১৭ নভেম্বর ২০১৮ বিজনেস স্টাডিজ অনুষদের ড. হাবিবুল্লাহ সম্মেলন কক্ষে এক বর্ণাঢ্য অনুষ্ঠানে এই সংবর্ধনা প্রদান করা হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বিদায়ী শিক্ষকদের ক্রেস্ট, মানপত্র ও ফুলেল শুভেচ্ছা প্রদান করেন।

## ঢাবি'র ৩৩ জন অবসরপ্রাপ্ত শিক্ষককে সংবর্ধনা প্রদান

ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি কর্তৃক বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের ৩৩ জন অবসরপ্রাপ্ত শিক্ষককে সংবর্ধনা প্রদান করা হয়েছে। গত ১৭ নভেম্বর ২০১৮ বিজনেস স্টাডিজ অনুষদের ড. হাবিবুল্লাহ সম্মেলন কক্ষে এক বর্ণাঢ্য অনুষ্ঠানে এই সংবর্ধনা প্রদান করা হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বিদায়ী শিক্ষকদের ক্রেস্ট, মানপত্র ও ফুলেল শুভেচ্ছা প্রদান করেন।

শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামালের সভাপতিত্বে অনুষ্ঠিত এতে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদ, প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ ও কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীন। অনুষ্ঠান সঞ্চালনা ও মানপত্র পাঠ করেন সমিতির সাধারণ সম্পাদক অধ্যাপক শিবলী রুবাইয়াতুল ইসলাম। অবসরপ্রাপ্ত শিক্ষকদের মধ্য থেকে কয়েকজন তাঁদের কর্মজীবনের বিভিন্ন স্মৃতিচারণ করেন। এসময় বিভিন্ন অনুষদের ডিন, বিভিন্ন বিভাগের চেয়ারম্যান এবং বিভিন্ন হলের প্রাধ্যক্ষ উপস্থিত ছিলেন।

প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান অবসরপ্রাপ্ত শিক্ষকদের উদ্দেশ্যে বলেন, 'বিশ্ববিদ্যালয়ে আপনাদের শূন্যতা অপূরণীয়। শিক্ষা ও গবেষণার ক্ষেত্রে আপনাদের অবদান স্মরণীয় হয়ে থাকবে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাথে আপনাদের সম্পর্ক ও সম্পৃক্ততা সবসময় থাকবে। আপনাদের জীবন ঘনিষ্ঠ অভিজ্ঞতা আমাদের পরবর্তী জীবনে কাজে লাগবে।' মহান স্বাধীনতা আন্দোলন ও মুক্তিযুদ্ধকালীন বিভিন্ন ঘটনা উল্লেখ করে উপাচার্য বলেন, 'আপনারা একটি বিশেষ যুগের সৃষ্টি এবং সাক্ষী। ঐতিহাসিক এসব আন্দোলন-সংগ্রামে আপনাদের সম্পৃক্ততা ঢাকা বিশ্ববিদ্যালয় সম্মানের সাথে স্মরণ রাখবে।'

সংবর্ধনাপ্রাপ্ত শিক্ষকরা হলেন- অধ্যাপক ড. ফরিদা জামান (অংকন ও চিত্রায়ণ), অধ্যাপক ড. আজিজুর রহমান (মনোবিজ্ঞান), অধ্যাপক ড. মো. আমিনুল হক ভূঁইয়া (পুষ্টি ও খাদ্য বিজ্ঞান ইনস্টিটিউট), অধ্যাপক ড. খান মওদুদ উর-রহমান (পুষ্টি ও খাদ্য বিজ্ঞান ইনস্টিটিউট), অধ্যাপক (২য় পৃষ্ঠায় দেখুন)

## ভূমিকম্প বিষয়ক সিম্পোজিয়াম

ঢাকা বিশ্ববিদ্যালয় দুর্যোগ বিজ্ঞান ও ব্যবস্থাপনা বিভাগের উদ্যোগে 'Earthquake Prediction, Preparedness and Response' শীর্ষক দিনব্যাপী এক সিম্পোজিয়াম গত ১৮ নভেম্বর ২০১৮ নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে অনুষ্ঠিত হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এই সিম্পোজিয়াম উদ্বোধন করেন।

আর্থ এন্ড এনভায়রনমেন্টাল সায়েন্সেস অনুষদের ডিন অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামালের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদ বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন। এছাড়া, চীনের পিকিং ইউনিভার্সিটি শেনজেন গ্র্যাজুয়েট স্কুলের 'আর্থকুয়েক মনিটরিং এন্ড প্রেডিকশন টেকনোলজি রিসার্চ সেন্টার'-এর পরিচালক অধ্যাপক ওয়াং শিনান অনুষ্ঠানে বক্তৃতা করেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান জান-মালের ক্ষয়ক্ষতি হ্রাসের লক্ষ্যে ভূমিকম্প বিষয়ে জনসচেতনতা সৃষ্টির ওপর গুরুত্বারোপ করেন। গৃহ-নির্মাণের ক্ষেত্রে 'বিল্ডিং কোড' অনুসরণের জন্যও তিনি সকলের প্রতি আহ্বান জানান।

উদ্বোধনী অনুষ্ঠানে ঢাকা বিশ্ববিদ্যালয় দুর্যোগ বিজ্ঞান ও ব্যবস্থাপনা বিভাগ এবং চীনের পিকিং ইউনিভার্সিটি শেনজেন গ্র্যাজুয়েট স্কুল-এর মধ্যে (২য় পৃষ্ঠায় দেখুন)

## দু'দিন-ব্যাপী মনোবিজ্ঞান সম্মেলন

ঢাকা বিশ্ববিদ্যালয় মনোবিজ্ঞান বিভাগ ও বাংলাদেশ মনোবিজ্ঞান সমিতির যৌথ আয়োজনে গত ১৬ নভেম্বর ২০১৮ অনুষ্ঠিত হয়েছে মনোবিজ্ঞান সম্মেলন-২০১৮। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান সকালে নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে ২দিন-ব্যাপী এ সম্মেলনের উদ্বোধন করেন।

উদ্বোধনী অনুষ্ঠানে শিক্ষা সচিব মো. সোহরাব হোসাইন, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সচিব রইছউল আলম মন্ডল, হ্যান্ডিক্যাপ ইন্টারন্যাশনাল এর প্রধান সমন্বয়কারী মো. মাজেদুল হক, বাংলাদেশ মনোবিজ্ঞান সমিতির সভাপতি অধ্যাপক ড. মুহাম্মাদ মাহমুদুর রহমান, সাধারন সম্পাদক অধ্যাপক ড. মো. শামসুদ্দীন ইলিয়াস ও ঢাকা বিশ্ববিদ্যালয় মনোবিজ্ঞান বিভাগের চেয়ারপার্সন অধ্যাপক ড. মাহফুজা খানম প্রমুখ বক্তব্য রাখেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বলেন, মনোবিজ্ঞান একটি ব্যবহারিক বিজ্ঞান, এর ব্যাপ্তি অনেক। সার্বিক স্বাস্থ্য ব্যবস্থাপনায় মানসিক স্বাস্থ্য সেবার প্রয়োজনীয়তা ও গুরুত্ব অপরিসীম। এজন্য মনোবিজ্ঞানীদের চাহিদাও বৃদ্ধি পাচ্ছে। দু'দিন-ব্যাপী এ সম্মেলনের বিভিন্ন সেশনের মাধ্যমে সরকারের ও বিশ্ববিদ্যালয়ের করণীয় বিভিন্ন দায়িত্ব ও ভূমিকা উঠে আসবে বলে উপাচার্য আশা প্রকাশ করেন।




ঢাকা বিশ্ববিদ্যালয় দুর্যোগ বিজ্ঞান ও ব্যবস্থাপনা বিভাগ এবং চীনের পিকিং ইউনিভার্সিটি শেনজেন গ্র্যাজুয়েট স্কুল-এর মধ্যে গত ১৮ নভেম্বর ২০১৮ একটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়। নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে আয়োজিত এই সমঝোতা স্মারক অনুষ্ঠানে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

## ঢাবি থেকে ২৩জন গবেষকের পিএইচ.ডি. এবং ১৩জনের এম.ফিল. ডিগ্রি লাভ

ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে সম্প্রতি ২৩জন গবেষক পিএইচ.ডি. এবং ১৩জন গবেষক এম.ফিল. ডিগ্রি লাভ করেছেন। গত ৩১ অক্টোবর ২০১৮ ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সভাপতিত্বে অনুষ্ঠিত সিন্ডিকেট সভায় তাদের এই ডিগ্রি প্রদান করা হয়।

পিএইচ.ডি. ডিগ্রী প্রাপ্তরা হলেন: বাংলা বিভাগের অধীনে মোহাম্মদ কুদরত-ই-হুদা, মো. হারুনুর রশীদ, লোপামুদ্রা মালেক, ইতিহাস বিভাগের অধীনে মুর্শিদা বিন্‌তে রহমান, শহীদ কাদের চৌধুরী, আরবী বিভাগের অধীনে মুহাম্মদ আল আমীন, মুহাম্মদ বেলাল হোসাইন, ইসলামিক স্টাডিজ বিভাগের অধীনে মুহাম্মদ আনোয়ারুল হক, লোক প্রশাসন বিভাগের অধীনে মো. মইনুর রহমান চৌধুরী, গোলাম শফিউদ্দিন, গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের অধীনে শেখ মোহাম্মদ শফিউল ইসলাম, শান্তি ও (২য় পৃষ্ঠায় দেখুন)

### বিশ্ব দর্শন দিবস পালিত

## উদার, সহনশীল ও মানবিক সমাজ গঠনে দর্শনের নৈতিক শিক্ষাকে কাজে লাগাতে হবে—উপাচার্য

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বলেছেন, উদার, সহনশীল ও মানবিক সমাজ গঠনে দর্শনের নৈতিক শিক্ষাকে কাজে লাগাতে হবে। বিশ্ব দর্শন দিবস উপলক্ষ্যে গত ১৫ নভেম্বর ২০১৮ ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে এক আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। ঢাকা বিশ্ববিদ্যালয় দর্শন বিভাগ, গোবিন্দ দেব দর্শন গবেষণা কেন্দ্র, নৈতিক উন্নয়ন কেন্দ্র, দর্শন বিভাগ অ্যালামনাই এসোসিয়েশন




এবং অধিভুক্ত সাত কলেজের দর্শন বিভাগ যৌথভাবে এই অনুষ্ঠানের আয়োজন করে।

ঢাকা বিশ্ববিদ্যালয় দর্শন বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মো. সাজাহান মিয়ার সভাপতিত্বে আলোচনা সভায় মূল প্রবন্ধ উপস্থাপন করেন দর্শন বিভাগের অধ্যাপক ড. শাহ্ কাওসার মুস্তাফা আবুলউলায়ী। কলা অনুষদের ডিন অধ্যাপক ড. আবু মো. দেলোয়ার হোসেন অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন। দর্শন বিভাগের প্রবীণ অধ্যাপক ড. আমিনুল ইসলাম, ইডেন মহিলা কলেজ দর্শন বিভাগের অধ্যাপক আইরিন চৌধুরী এবং দর্শন বিভাগ অ্যালামনাই এসোসিয়েশনের সাধারণ সম্পাদক মাহফুজা রহমান চৌধুরী বাবলী শুভেচ্ছা বক্তব্য দেন। নৈতিক উন্নয়ন কেন্দ্রের পরিচালক অধ্যাপক ড. হারুন রশীদ স্বাগত বক্তব্য রাখেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান দর্শনের মৌলিক শিক্ষা সমাজের সর্বস্তরে (২য় পৃষ্ঠায় দেখুন)

## কলা অনুষদের উদ্যোগে কক্সবাজারে দু'দিনব্যাপী শিক্ষার মানোন্নয়ন কর্মশালা অনুষ্ঠিত




ঢাকা বিশ্ববিদ্যালয় কলা অনুষদের উদ্যোগে দু'দিনব্যাপী শিক্ষার মানোন্নয়ন বিষয়ক কর্মশালার সমাপনী অনুষ্ঠান গত ২৪ নভেম্বর ২০১৮ কক্সবাজারের হোটেল সি প্যালেসে অনুষ্ঠিত হয়েছে। চারটি পর্বে অনুষ্ঠিত কর্মশালার ৪র্থ পর্ব ও সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান। সমাপনী অনুষ্ঠানের মুক্ত আলোচনা ও সাংস্কৃতিক পর্বে প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদ।

এর আগে গত ২৩ নভেম্বর ২০১৮ শুক্রবার কর্মশালার উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের ইংরেজি বিভাগের অধ্যাপক ড. সৈয়দ মনজুরুল ইসলাম। দু'দিনব্যাপী কর্মশালার উদ্বোধনী ও সমাপনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কলা অনুষদের ডিন অধ্যাপক ড. আবু মো. দেলোয়ার হোসেন।


বিভিন্ন পর্বের মুক্ত আলোচনায় অংশগ্রহণ করেন অধ্যাপক ড. প্রদীপ কুমার রায়, অধ্যাপক ড. আবদুল বাছির, অধ্যাপক ড. কাজল কৃষ্ণ ব্যানার্জী, অধ্যাপক ড. এস এম জাবেদ আহমেদ, অধ্যাপক ড. আহমেদ আবদুল্লাহ জামাল, অধ্যাপক ড. মোহাম্মদ ইব্রাহিম, অধ্যাপক ড. নারায়ণ চন্দ্র বিশ্বাস, অধ্যাপক ড. সৈয়দ শাহরিয়ার রহমান, ড. এ কে এম খাদেমুল হক, ড. এ টি এম সামছুজ্জোহা প্রমুখ।

কর্মশালায় মূল চারটি পর্বের বিষয়বস্তু ছিল যথাক্রমে শিক্ষার মানোন্নয়ন, রচনা চৌর্যবৃত্তি, প্রশ্নপত্র প্রণয়ন ও উত্তরপত্র মূল্যায়ন এবং সেমিস্টার ব্যবস্থাপনা : মান নিশ্চয়ন।



ঢাকা বিশ্ববিদ্যালয় মনোবিজ্ঞান বিভাগ ও বাংলাদেশ মনোবিজ্ঞান সমিতির যৌথ আয়োজনে গত ১৬ নভেম্বর ২০১৮ অনুষ্ঠিত হয়েছে মনোবিজ্ঞান সম্মেলন-২০১৮। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে ২দিন-ব্যাপী এ সম্মেলনের উদ্বোধন করেন।

# এমবিএ (ইভনিং) প্রোগ্রামের ভর্তি পরীক্ষা



ঢাকা বিশ্ববিদ্যালয় বিজনেস স্টাডিজ অনুষদ-এর এমবিএ (ইভনিং) প্রোগ্রামের ৪১তম ব্যাচ-এর ভর্তি পরীক্ষা গত ২৩ নভেম্বর ২০১৮ বিজনেস স্টাডিজ অনুষদের বিভিন্ন পরীক্ষা কেন্দ্রে সকাল ১০:০০টা থেকে ১১:৩০টা পর্যন্ত সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে অনুষ্ঠিত হয়েছে।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীন, বিজনেস স্টাডিজ অনুষদের ডিন ও এমবিএ (ইভনিং) প্রোগ্রামের ভর্তি পরীক্ষার প্রধান সমন্বয়কারী অধ্যাপক শিবলী রুবাইয়াতুল ইসলাম, ট্যুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট বিভাগের চেয়ারম্যান ড. মোহাম্মদ বদরুজ্জামান ভূঁইয়া, জনসংযোগ দফতরের ভারপ্রাপ্ত পরিচালক মাহমুদ আলম এবং বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও কর্মকর্তাবৃন্দ এই ভর্তি পরীক্ষার বিভিন্ন কেন্দ্র পরিদর্শন করেন।

উল্লেখ্য, উক্ত ভর্তি পরীক্ষায় ৪৩০টি আসনের বিপরীতে ২২৮৫জন ভর্তিচ্ছু পরীক্ষার্থী অংশগ্রহণ করে।

# উদার, সহনশীল ও মানবিক সমাজ গঠনে দর্শনের নৈতিক শিক্ষাকে কাজে লাগাতে হবে–উপাচার্য

(১ম পৃষ্ঠার পর) ছড়িয়ে দেওয়ার উপর গুরুত্বারোপ করে বলেন, তাহলেই জাতির জনকের স্বপ্নের সোনার বাংলা গড়ে তোলা সম্ভব হবে। তিনি বলেন, সমাজে শান্তি ও স্থিতিশীলতা বজায় রাখতে সকলকে পরমত সহিষ্ণু হতে হবে। বহুমত ও চিন্তাকে ধারণ করতে হবে। সহনশীল, উদার ও মানবিক সমাজ গঠনে সকলকে অসাম্প্রদায়িক ও মুক্তিযুদ্ধের চেতনায় উদ্বুদ্ধ হতে হবে।

উল্লেখ্য, ইউনেস্কো ঘোষিত কর্মসূচী অনুযায়ী প্রতি বছর নভেম্বর মাসের তৃতীয় বৃহস্পতিবার 'বিশ্ব দর্শন দিবস' পালন করা হয়। এ বছর দিবসটির প্রতিপাদ্য হচ্ছে 'শান্তি ও মানবাধিকারের পক্ষে দর্শন'।

# ঢাবি'র ৩৩ জন অবসরপ্রাপ্ত শিক্ষককে সংবর্ধনা প্রদান

(১ম পৃষ্ঠার পর) ড. মোহাম্মদ মহিউদ্দিন (ম্যানেজমেন্ট), অধ্যাপক এম শাহজাহান মিনা (ফিন্যান্স), অধ্যাপক ড. মুনীরউদ্দিন আহমদ (ক্লিনিক্যাল ফার্মেসী ও ফার্মাকোলজী), অধ্যাপক ড. উম্মে কুলসুম রওজাতুর রোম্মান (রসায়ন), অধ্যাপক ড. মু. মুস্তাফা আলম (ভূতত্ত্ব), অধ্যাপক ড. মুহাম্মদ আব্দুল বাকী (ইসলামিক স্টাডিজ), অধ্যাপক মিসেস খালেদা এদিব (পুষ্টি ও খাদ্য বিজ্ঞান ইনস্টিটিউট), অধ্যাপক ড. শাকের আহমেদ (ট্যুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট), অধ্যাপক ড. এম ফরিদ আহমেদ (ফিন্যান্স), অধ্যাপক ড. এস এম মাহফুজুর রহমান (ইন্টারন্যাশনাল বিজনেস), অধ্যাপক আ ব ম ফারুক (ওষুধ প্রযুক্তি), অধ্যাপক ড. হোসনে জাহান বেগম (পদার্থ বিজ্ঞান), অধ্যাপক ড. শারমিন হক (শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট), অধ্যাপক ড. এ এম মাসুদুজ্জামান (শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট), অধ্যাপক ড. আহাদুজ্জামান মোহম্মদ আলী (গণযোগাযোগ ও সাংবাদিকতা), অধ্যাপক ড. মেহতাব খানম (এডুকেশনাল এন্ড কাউন্সেলিং সাইকোলজি), অধ্যাপক ড. প্রদীপ কুমার রায় (দর্শন), অধ্যাপক ড. চৌধুরী রফিকুল আবরার (আন্তর্জাতিক সম্পর্ক), অধ্যাপক ড. মো. তজিবর রহমান (গণিত), অধ্যাপক ড. এ কে এম নুর-উন-নবী (পপুলেশন সায়েন্সেস), অধ্যাপক ড. মো. আজহারুল ইসলাম (শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট), অধ্যাপক আখতার সুলতানা (গণযোগাযোগ ও সাংবাদিকতা), অধ্যাপক ড. মো. তৌফিকুল হায়দার (ইসলামের ইতিহাস ও সংস্কৃতি), অধ্যাপক ড. বেগম আকতার কামাল (বাংলা), অধ্যাপক মো. আব্দুর রউফ (আইন), অধ্যাপক ড. আ হ ম আবদুল বাকী (ভূগোল ও পরিবেশ), অধ্যাপক ড. মিসেস মমতাজ বেগম (উদ্ভিদ বিজ্ঞান), সহযোগী অধ্যাপক মোল্লা শহীদুজ্জামান (ইংরেজি) এবং অধ্যাপক মিসেস লুৎফুন নাহার (পুষ্টি ও খাদ্য বিজ্ঞান ইনস্টিটিউট)।

# ঢাবি থেকে ২৩জন গবেষকের পিএইচ.ডি. এবং ১৩জনের এম.ফিল. ডিগ্রি লাভ

(১ম পৃষ্ঠার পর) সংঘর্ষ অধ্যয়ন বিভাগের অধীনে খান ফেরদৌসর রহমান, বায়োমেডিকেল ফিজিক্স এন্ড টেকনোলজি বিভাগের অধীনে মো. জিহাদ তরফদার, মৃত্তিকা, পানি ও পরিবেশ বিভাগের অধীনে মোহাম্মদ মনিরুজ্জামান, মনোবিজ্ঞান বিভাগের অধীনে মোসলেহা পারভীন, অণুজীব বিজ্ঞান বিভাগের অধীনে শাহিনা আক্তার, এডুকেশনাল এন্ড কাউন্সেলিং সাইকোলজি বিভাগের অধীনে মেহ্‌জাবীন হক, ফার্মাসিউটিক্যাল কেমিস্ট্রি বিভাগের অধীনে মুহাম্মদ ইব্রাহীম, ফলিত রসায়ন ও কেমিকৌশল বিভাগের অধীনে ফেরদৌস আক্তার, মার্কেটিং বিভাগের অধীনে মোহাম্মদ আবু বকর সিদ্দিক, মো. তাবারক হোসেন ভূঁঞা, ব্যবসায় প্রশাসন ইনস্টিটিউটের অধীনে সৈয়দ মুনতাসির মামুন এবং সমাজকল্যাণ ও গবেষণা ইনস্টিটিউটের অধীনে শাহানাজ পারভীন।

এম.ফিল. ডিগ্রী প্রাপ্তরা হলেনঃ বাংলা বিভাগের অধীনে ফারজানা আক্তার, ইতিহাস বিভাগের অধীনে সন্‌জিদা খানম, দর্শন বিভাগের অধীনে সজীব কুমার বসু, আরবী বিভাগের অধীনে আবদুল করিম, তথ্যবিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিভাগের অধীনে মো. শফিউর রহমান, মোহাম্মদ বুরহান উদ্দিন, সৈয়দা মুক্তা বেগম, লোক প্রশাসন বিভাগের অধীনে মো. সাইফুল ইসলাম, উন্নয়ন অধ্যয়ন বিভাগের অধীনে আনোয়ার হোসেন চৌধুরী, ভূগোল ও পরিবেশ বিভাগের অধীনে সুরাইয়া আক্তার, প্রাচ্যকলা বিভাগের অধীনে মোহাম্মদ আবদুর রহীম, শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউটের অধীনে পারভিন আক্তার এবং পুষ্টি ও খাদ্য বিজ্ঞান ইনস্টিটিউটের অধীনে ইউমনা বুশরা।

# ভূমিকম্প বিষয়ক সিম্পোজিয়াম

(১ম পৃষ্ঠার পর) একটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়। এই সমঝোতা স্মারকের আওতায় উভয় বিশ্ববিদ্যালয় যৌথভাবে গবেষণা কার্যক্রম পরিচালনা করবে। ঢাকা বিশ্ববিদ্যালয় এবং পিকিং ইউনিভার্সিটি শেনজেন গ্র্যাজুয়েট স্কুল-এর মধ্যে শিক্ষক ও শিক্ষার্থী বিনিময় করা হবে। এছাড়া, ঢাকা বিশ্ববিদ্যালয়ে 'আর্থকুয়েক মনিটরিং এন্ড প্রেডিকশন টেকনোলজি রিসার্চ সেন্টার' প্রতিষ্ঠার ক্ষেত্রে পিকিং ইউনিভার্সিটি শেনজেন গ্র্যাজুয়েট স্কুল সহযোগিতা করবে।

# ঢাবি ফজলুল হক মুসলিম হলের খেলার মাঠ সংস্কার

বিপুল উৎসাহ উদ্দীপনা ও উৎসবমুখর পরিবেশে গত ১৩ নভেম্বর ২০১৮ তারিখে ঢাকা বিশ্ববিদ্যালয় ফজলুল হক মুসলিম হলের খেলার মাঠ সংস্কার কাজ সম্পন্ন হয়। হলের প্রভোস্ট ড. মিজানুর রহমানের উপস্থিতিতে ও সরাসরি তত্ত্বাবধানে হলের সকল আবাসিক ও সহকারী আবাসিক শিক্ষকবৃন্দ, কর্মকর্তা-কর্মচারীবৃন্দ ও ছাত্রদের আন্তরিক অংশগ্রহণে সম্পূর্ণ নিজ উদ্যোগে এ কাজটি সম্পন্ন হয়।

উল্লেখ্য, ঠিকাদার প্রতিষ্ঠান কর্তৃক এই কাজের জন্য বিপুল পরিমাণ অর্থের দাবি করা হয়, কিন্তু হলের সকলের সম্মিলিত প্রচেষ্টায় বিনামূল্যে কাজটি সম্পন্ন করা সম্ভব হয়েছে। সংস্কার কাজ সম্পন্ন হবার পর ছাত্র-শিক্ষক ও কর্মকর্তা-কর্মচারীবৃন্দ এক প্রীতি ফুটবল ম্যাচের মাধ্যমে হলের প্রভোস্ট মাঠের কার্যক্রম উদ্বোধন করেন। আর এর মাধ্যমেই সংশ্লিষ্ট সকলের মাঝে এক মেলবন্ধন তৈরী হয়েছে, যা এই হল তথা বিশ্ববিদ্যালয়ের জন্য এক অনুকরণীয় দৃষ্টান্ত হয়ে থাকবে।

# 'অধ্যাপক ড. মুহম্মদ সিরাজুল ইসলাম কম্পিউটার ল্যাব' উদ্বোধন



ঢাকা বিশ্ববিদ্যালয় ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগে 'অধ্যাপক ড. মুহম্মদ সিরাজুল ইসলাম কম্পিউটার ল্যাব' উদ্বোধন করা হয়েছে। গত ১৪ নভেম্বর ২০১৮ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে আধুনিক এই ল্যাব উদ্বোধন করেন।

কলা অনুষদের ৭ম তলায় স্থাপিত ল্যাবটি বিভাগের প্রাক্তন অধ্যাপক ড. মুহম্মদ সিরাজুল ইসলামের পরিবারের অর্থায়নে নির্মিত হয়েছে। এ উপলক্ষে কলা অনুষদের সভাকক্ষে আয়োজিত উদ্বোধনী অনুষ্ঠানে পরিবারের সদস্যদের মধ্যে উপস্থিত ছিলেন তার জ্যেষ্ঠ কন্যা সাবিহা, কনিষ্ঠ কন্যা শবনম শেহনাজ চৌধুরী দীপা, কনিষ্ঠ জামাতা আনোয়ারুল আলম চৌধুরী পারভেজ, মুন্সিগঞ্জের পৌর মেয়র সহিদুল ইসলাম শাহীন প্রমুখ। এছাড়া স্মৃতিচারন করেন তার স্নেহধন্য যাদুশিল্পী জুয়েল আইচ। অধ্যাপক ড. মুহম্মদ সিরাজুল ইসলামের জীবনালেখ্য পাঠ করেন বিভাগীয় অধ্যাপক ড. মোহাম্মদ ছিদ্দিকুর রহমান খান। স্বাগত বক্তব্য দেন একই বিভাগের অধ্যাপক ড. মোহাম্মদ ইব্রাহিম। এছাড়াও উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয় অ্যালামনাই এসোসিয়েশনের সভাপতি এ কে আজাদ, সাধারন সম্পাদক রঞ্জন কর্মকার, কলা অনুষদের ডিন অধ্যাপক ড. আবু মো. দেলোয়ার হোসেন ও বাংলাদেশ ইন্টারন্যাশনাল চেম্বার অব কমার্সের চেয়ারম্যান মাহবুবুর রহমান। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিভাগীয় চেয়ারম্যান অধ্যাপক ড. মো. আতাউর রহমান মিয়াজী। অনুষ্ঠানে বিভাগের শিক্ষার্থী ও শিক্ষকবৃন্দ ছাড়াও তাঁর অসংখ্য গুণগ্রাহী উপস্থিত ছিলেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রয়াত শিক্ষকের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করে বলেন, এই ল্যাবটি স্থাপনের ফলে বিভাগীয় শিক্ষক, গবেষক ও শিক্ষার্থীরা অনেক উপকৃত হবে এবং যুগ যুগ ধরে অধ্যাপক ড. মুহম্মদ সিরাজুল ইসলামকে স্মরণ করবে। উপাচার্য তার শিক্ষকের স্মৃতিচারণ করে আরও বলেন, তিনি যেকোন বিষয়ের গভীরে প্রবেশ করতেন এবং তার বক্তব্য উদ্বৃতি দেয়ার মত। অধ্যাপক ড. মুহম্মদ সিরাজুল ইসলামের মৌলিক ও সৃজনশীল দৃষ্টিভঙ্গি ও মূল্যবোধ তার পরিবার ধরে রেখেছে বলে উপাচার্য উল্লেখ করেন।

# রোকেয়া স্মারক বক্তৃতা অনুষ্ঠিত



ঢাকা বিশ্ববিদ্যালয় উইমেন এন্ড জেন্ডার স্টাডিজ বিভাগের উদ্যোগে 'রোকেয়া স্মারক বক্তৃতা' গত ১৯ নভেম্বর ২০১৮ অধ্যাপক মোজাফ্‌ফর আহমেদ চৌধুরী মিলনায়তনে অনুষ্ঠিত হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

উইমেন এন্ড জেন্ডার স্টাডিজ বিভাগের চেয়ারপার্সন ড. সানজীদা আখতারের সভাপতিত্বে অনুষ্ঠানে সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. সাদেকা হালিম বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন। 'রোকেয়ার এক বিস্মৃত অনুসারী' শীর্ষক স্মারক বক্তৃতা প্রদান করেন জাতীয় অধ্যাপক ড. আনিসুজ্জামান।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বেগম রোকেয়ার স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করেন। তিনি বলেন, বেগম রোকেয়ার জীবন ও কর্মকে শুধু একাডেমিক চর্চার মধ্যে আবদ্ধ রাখলে চলবেনা, আমাদের প্রায়োগিক জীবনেও তার দর্শনকে কাজে লাগাতে হবে। উন্নয়নের মূল ধারায় নারীদের সম্পৃক্ত করার ওপর গুরুত্বারোপ করে তিনি বলেন, কর্ম-পরিকল্পনা প্রণয়নের ক্ষেত্রে নারীদের স্বার্থকে বিবেচনা করতে হবে। নারীর ক্ষমতায়ন ও নারী অধিকার নিশ্চিত করতে শিক্ষাকে একমাত্র হাতিয়ার বলে তিনি উল্লেখ করেন।

অনুষ্ঠানে উইমেন এন্ড জেন্ডার স্টাডিজ বিভাগের ১৪জন কৃতী শিক্ষার্থীকে বৃত্তি প্রদান করা হয়। এরমধ্যে ৪ জন 'অধ্যাপক আসাদুজ্জামান স্মৃতি বৃত্তি', ৩ জন 'মামুনা খাতুন স্মৃতি বৃত্তি', ২ জন 'অর্নব স্মৃতি বৃত্তি' এবং ৫ জন 'নীলা বৃত্তি' লাভ করেন।





ঢাকা বিশ্ববিদ্যালয় ট্যুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট বিভাগের বর্ণাঢ্য প্রতিষ্ঠাবার্ষিকী উৎসবের উদ্বোধন গত ৮ নভেম্বর ২০১৮ বিজনেজ স্টাডিজ অনুষদ প্রাঙ্গনে অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে উৎসবের উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান। এসময় বিভাগের চেয়ারম্যান ড. মোহাম্মদ বদরুজ্জামান ভূঁইয়াসহ অনুষদ ও বিভাগের বিপুল সংখ্যক শিক্ষক ও শিক্ষাথী উপস্থিত ছিলেন।

# উপাচার্যের সাথে বিদেশী অতিথিবৃন্দের সাক্ষাৎ

## চীনা প্রতিনিধিদল

চীনের কুজিং নরমাল ইউনিভার্সিটির অধ্যাপক ড. য়ু যুলিয়াং-এর নেতৃত্বে ৫-সদস্য বিশিষ্ট একটি প্রতিনিধিদল গত ২০ নভেম্বর ২০১৮ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছে।

এসময় ঢাকা বিশ্ববিদ্যালয় ভাষাবিজ্ঞান বিভাগের চেয়ারপার্সন অধ্যাপক ড. সালমা নাসরীন, অধ্যাপক ড. সৈয়দ শাহরিয়ার রহমান এবং জনসংযোগ দফতরের ভারপ্রাপ্ত পরিচালক মাহমুদ আলম উপস্থিত ছিলেন।

সাক্ষাৎকালে তারা পারস্পরিক স্বার্থ-সংশ্লিষ্ট বিষয়াদি নিয়ে বিশেষ করে ঢাকা বিশ্ববিদ্যালয় এবং কুজিং নরমাল ইউনিভার্সিটির মধ্যে যৌথ সহযোগিতামূলক শিক্ষা কার্যক্রম চালুর সম্ভাব্যতা নিয়ে মত বিনিময় করেন। এছাড়া, তারা উভয় বিশ্ববিদ্যালয়ের মধ্যে শিক্ষক, গবেষক ও শিক্ষার্থী বিনিময় নিয়েও ফলপ্রসু আলোচনা করেন। এ ব্যাপারে একটি সমঝোতা স্মারক স্বাক্ষরের বিষয়েও তারা আগ্রহ প্রকাশ করেন।

নিজ নিজ বিশ্ববিদ্যালয়ের ইতিহাস ও শিক্ষা কার্যক্রম সম্পর্কে তারা একে অপরকে অবহিত করেন। কুজিং নরমাল ইউনিভার্সিটিতে বাংলা বিভাগ চালু রয়েছে উল্লেখ করে অধ্যাপক ড. য়ু যুলিয়াং উপাচার্যকে জানান, তারা ঢাকা বিশ্ববিদ্যালয় বাংলা বিভাগ এবং ভাষাবিজ্ঞান বিভাগের সঙ্গে যৌথ সহযোগিতামূলক শিক্ষা কার্যক্রম গ্রহণে আগ্রহী। উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান এ সংক্রান্ত কার্যক্রম প্রণয়ন ও বাস্তবায়নে সার্বিক সাহায্য-সহযোগিতা প্রদানের ব্যাপারে চীনা প্রতিনিধিদলকে আশ্বাস দেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান ঢাকা বিশ্ববিদ্যালয়ে আসা এবং যৌথ শিক্ষা কার্যক্রম চালুর ব্যাপারে গভীর আগ্রহ প্রকাশের জন্য চীনা অতিথিদের ধন্যবাদ জানান।

## চীনা প্রতিনিধিদল

চীনের গুয়াংডং ইউনিভার্সিটি অব ফরেন স্টাডিজের ভাইস প্রেসিডেন্ট অধ্যাপক ড. হি চুয়ানতিয়ান-এর নেতৃত্বে ৪-সদস্য বিশিষ্ট একটি প্রতিনিধিদল গত ২১ নভেম্বর ২০১৮ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সাথে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছে। প্রতিনিধিদলের সদস্যদের মধ্যে ছিলেন অধ্যাপক ড. দুইউ চেন এবং মি. য়ু জুনফেং।

এসময় ঢাকা বিশ্ববিদ্যালয় আধুনিক ভাষা ইনস্টিটিউটের পরিচালক অধ্যাপক ড. শিশির ভট্টাচার্য্য, একই ইনস্টিটিউটের শিক্ষক ড. মো. আফজাল হোসেন এবং জনসংযোগ দফতরের ভারপ্রাপ্ত পরিচালক মাহমুদ আলম উপস্থিত ছিলেন।

সাক্ষাৎকালে তাঁরা পারস্পরিক স্বার্থ-সংশ্লিষ্ট বিষয়াদি নিয়ে আলোচনা করেন। তাঁরা ঢাকা বিশ্ববিদ্যালয় আধুনিক ভাষা ইনস্টিটিউট এবং গুয়াংডং ইউনিভার্সিটি অব ফরেন স্টাডিজের মধ্যে চলমান যৌথ সহযোগিতামূলক শিক্ষা কার্যক্রম নিয়ে এবং তা আরও জোরদারের ব্যাপারে মত বিনিময় করেন। বাংলাদেশ ও চীনের মধ্যে সুদীর্ঘকাল থেকে মধুর ও বন্ধুত্বপূর্ণ সম্পর্ক রয়েছে এবং উভয় দেশের মধ্যে শিক্ষা, সংস্কৃতি, বাণিজ্যসহ বিভিন্ন ক্ষেত্রে এই মধুর সম্পর্ক দিনে দিনে বৃদ্ধি পাচ্ছে বলে তাঁরা উল্লেখ করেন।

এছাড়া, তাঁরা উভয় বিশ্ববিদ্যালয়ের মধ্যে শিক্ষক, গবেষক ও শিক্ষার্থী বিনিময় নিয়েও ফলপ্রসু আলোচনা করেন। নিজ নিজ বিশ্ববিদ্যালয়ের ইতিহাস ও শিক্ষা কার্যক্রম সম্পর্কে তাঁরা একে অপরকে অবহিত করেন। এসময় অধ্যাপক ড. হি চুয়ানতিয়ান তাঁর বিশ্ববিদ্যালয় সফরের জন্য ঢাবি উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানকে আমন্ত্রণ জানান। উপাচার্য এই আমন্ত্রণ সানন্দে গ্রহণ করেন এবং আগামী বছরের শুরুর দিকে সুবিধাজনক সময়ে গুয়াংডং ইউনিভার্সিটি অব ফরেন স্টাডিজ সফর করবেন বলে তিনি জানান।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান ঢাকা বিশ্ববিদ্যালয়ে আসা এবং এর সাথে যৌথ শিক্ষা কার্যক্রম বৃদ্ধির ব্যাপারে গভীর আগ্রহ প্রকাশের জন্য চীনা অতিথিদের ধন্যবাদ জানান।

## হুয়াওয়ে কোম্পানি প্রেসিডেন্ট

চীনা কোম্পানি হুয়াওয়ে টেকনোলজিস লিমিটেডের প্রেসিডেন্ট ইয়াং গুও বিং গত ২৬ নভেম্বর ২০১৮ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছেন। কোম্পানির পরিচালক (বিক্রয়) সাইদুল হাসান এসময় তার সঙ্গে ছিলেন।

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ডিজিটাল ইউনিভার্সিটির উপাচার্য অধ্যাপক ড. মুনাজ আহমেদ নুর বৈঠককালে উপস্থিত ছিলেন।

সাক্ষাৎকালে তারা হুয়াওয়ে টেকনোলজিস লিমিটেডের কারিগরি সহযোগিতায় ঢাকা বিশ্ববিদ্যালয়ে বিভিন্ন উন্নয়ন প্রকল্প গ্রহণের সম্ভাব্যতা নিয়ে আলোচনা করেন। হুয়াওয়ে টেকনোলজিস লিমিটেডের প্রেসিডেন্ট ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন গবেষণাগার উন্নয়নে অবকাঠামো ও প্রযুক্তিগত সহায়তা প্রদানে আগ্রহ প্রকাশ করেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান ঢাকা বিশ্ববিদ্যালয়ে আসা এবং এর শিক্ষা কার্যক্রমের প্রতি গভীর আগ্রহ প্রকাশের জন্য অতিথিকে ধন্যবাদ জানান।



চীনের কুজিং নরমাল ইউনিভার্সিটির অধ্যাপক ড. য়ু যুলিয়াং-এর নেতৃত্বে ৫-সদস্য বিশিষ্ট একটি প্রতিনিধিদল গত ২০ নভেম্বর ২০১৮ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছে।



চীনের গুয়াংডং ইউনিভার্সিটি অব ফরেন স্টাডিজের ভাইস প্রেসিডেন্ট অধ্যাপক ড. হি চুয়ানতিয়ান-এর নেতৃত্বে ৪-সদস্য বিশিষ্ট একটি প্রতিনিধিদল গত ২১ নভেম্বর ২০১৮ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সাথে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছে।



যুক্তরাষ্ট্রের ইউনিভার্সিটি অব সেন্ট্রাল মিসৌরি'র অধ্যাপক ডন ওয়ালেস এর নেতৃত্বে ৩-সদস্য বিশিষ্ট একটি প্রতিনিধিদল গত ২২ নভেম্বর ২০১৮ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছে। প্রতিনিধি দলের অন্য সদস্যরা হলেন জলিন গফ এবং ব্রেনান ওয়ালেস।



চীনা কোম্পানি হুয়াওয়ে টেকনোলজিস লিমিটেডের প্রেসিডেন্ট ইয়াং গুও বিং গত ২৬ নভেম্বর ২০১৮ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছেন।

# ডিউক অব এডিনবার্গ'স ইন্টারন্যাশনাল এ্যাওয়ার্ড পেলেন ১০৭ শিক্ষার্থী



সহ-শিক্ষা কার্যক্রমে অসাধারণ সাফল্যের জন্য ঢাকা বিশ্ববিদ্যালয় বিভিন্ন বিভাগের ১০৭জন কৃতী শিক্ষার্থীকে "দি ডিউক অব এডিনবার্গ'স ইন্টারন্যাশনাল এ্যাওয়ার্ড" প্রদান করা হয়েছে। এর মধ্যে ৩০ জন সিলভার এ্যাওয়ার্ড এবং ৭৭ জন ব্রোঞ্জ এ্যাওয়ার্ড লাভ করেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান গত ২২ নভেম্বর ২০১৮ আরসি মজুমদার আর্টস মিলনায়তনে আয়োজিত এক বর্ণাঢ্য অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে শিক্ষার্থীদের মাঝে সনদপত্র বিতরণ করেন।

ছাত্র-নির্দেশনা ও পরামর্শদান দফতরের পরিচালক ড. মেহজাবীন হকের সভাপতিত্বে অনুষ্ঠানে ডিউক অব এডিনবার্গ'স এ্যাওয়ার্ড ফাউন্ডেশনের নির্বাহী কমিটির চেয়ারম্যান রিজওয়ান বিন ফারুক বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন। আধুনিক ভাষা ইনস্টিটিউটের প্রভাষক মিজানুর রহমান ধন্যবাদ জ্ঞাপন করেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান এ্যাওয়ার্ডপ্রাপ্ত শিক্ষার্থীদের অভিনন্দন জানান। টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনের জন্য তিনি তরুণ প্রজন্মের দক্ষতা বৃদ্ধির ওপর গুরুত্বারোপ করেন। তিনি বলেন, সুনাগরিক হিসেবে গড়ে ওঠার লক্ষ্যে শিক্ষার্থীদের লেখাপড়ার পাশাপাশি সহশিক্ষা কার্যক্রমে অংশগ্রহণ করতে হবে। নৈতিক মূল্যবোধে উদ্বুদ্ধ হওয়ার জন্যও তিনি শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানান।



ঢাকা বিশ্ববিদ্যালয় আন্তঃবিভাগ ক্রিকেট প্রতিযোগিতা ২০১৮-১৯ গত ১৩ নভেম্বর ২০১৮ বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ক্রিকেট গ্রাউন্ডে অনুষ্ঠিত হয়েছে। উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এই প্রতিযোগিতার আনুষ্ঠানিক উদ্বোধন করেন। ছবিতে বিভিন্ন হলের প্রভোস্টদের সাথে নিয়ে উপাচার্যকে বেলুন উড়িয়ে প্রতিযোগিতার উদ্বোধন করতে দেখা যাচ্ছে।

জুনিয়র এইড স্কুলের শিক্ষার্থীদের বাৎসরিক সাংস্কৃতিক প্রতিযোগিতার পুরস্কার বিতরণী অনুষ্ঠান গত ৩ নভেম্বর ২০১৮ জাতীয় জাদুঘর মিলনায়তনে অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে স্কুলের কৃতী শিক্ষার্থীদের মাঝে ক্রেস্ট বিতরণ করেন। এসময় নাট্যব্যক্তিত্ব এনামুল হকসহ বিশিষ্টজনেরা উপস্থিত ছিলেন।



# আন্তঃবিভাগ ক্রিকেট প্রতিযোগিতা

ঢাকা বিশ্ববিদ্যালয় আন্তঃবিভাগ ক্রিকেট প্রতিযোগিতা ২০১৮-১৯ গত ১৩ নভেম্বর ২০১৮ বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ক্রিকেট গ্রাউন্ডে অনুষ্ঠিত হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এই প্রতিযোগিতার আনুষ্ঠানিক উদ্বোধন করেন।

ঢাকা বিশ্ববিদ্যালয় ক্রিকেট কমিটির সভাপতি অধ্যাপক ড. মো. হাসিবুর রশীদের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে শারীরিক শিক্ষা কেন্দ্রের উপদেষ্টা অধ্যাপক ড. এম জিয়াউল হক মামুন সহ বিভিন্ন হলের প্রভোস্ট, বিশ্ববিদ্যালয়ের সিনিয়র শিক্ষক ও কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। বিশ্বধর্ম ও সংস্কৃতি এবং ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের মধ্যে উদ্বোধনী ম্যাচ অনুষ্ঠিত হয়।

# নিউরোসায়েন্স গবেষণা বিষয়ক সিম্পোজিয়াম অনুষ্ঠিত




ঢাকা বিশ্ববিদ্যালয় নিউরোসায়েন্স রিসার্চ সেন্টারের উদ্যোগে "The Scientific Research of Neuroscience" শীর্ষক এক সিম্পোজিয়াম গত ২৭ অক্টোবর ২০১৮ ঢাকা বিশ্ববিদ্যালয় প্রাণরসায়ন ও অণুপ্রাণ বিজ্ঞান বিভাগের কামালউদ্দীন আহমাদ লেকচার গ্যালারিতে অনুষ্ঠিত হয়েছে। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে সিম্পোজিয়ামের উদ্বোধন করেন।

ঢাকা বিশ্ববিদ্যালয় নিউরোসায়েন্স রিসার্চ সেন্টারের পরিচালক অধ্যাপক ড. মো: খলিলুর রহমানের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে চিকিৎসা অনুষদের ডিন অধ্যাপক ডা. খান আবুল কালাম আজাদ, প্রাণরসায়ন ও অণুপ্রাণ বিজ্ঞান বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মো: সায়েদুল ইসলাম, জাতীয় নিউরোসায়েন্স ইনস্টিটিউট ও হাসপাতাল-এর পরিচালক অধ্যাপক ডা. কাজী দীন মোহাম্মদ, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয় শিশু নিউরোলজি বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ডা. এম মীজানুর রহমান, আইসিডিডিআরবি-এর বিজ্ঞানি ডা. জহিরুল ইসলাম এবং ঢাকা বিশ্ববিদ্যালয় প্রাণরসায়ন ও অণুপ্রাণ বিজ্ঞান বিভাগের সহযোগী অধ্যাপক ড. মাহমুদ হুসাইন বক্তব্য রাখেন। ধন্যবাদ জ্ঞাপন করেন কেন্দ্রের সাংগঠনিক সচিব প্রাণরসায়ন ও অণুপ্রাণ বিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. এ এইচ এম নূরুন নবী।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান মানুষের মস্তিস্ক সংক্রান্ত রোগ উপশমের লক্ষ্যে নিউরোসায়েন্স বিষয়ক মৌলিক ও ক্লিনিক্যাল গবেষণার ওপর গুরুত্বারোপ করেন। এই সিম্পোজিয়াম এ ক্ষেত্রে কার্যকর ভূমিকা রাখবে বলে তিনি আশা প্রকাশ করেন।

সিম্পোজিয়ামের সমাপনী পর্বে ২০১৭-১৮ শিক্ষা বর্ষে ঢাকা বিশ্ববিদ্যালয় নিউরোসায়েন্স রিসার্চ সেন্টারের নিউরোসায়েন্স সংক্রান্ত প্রকল্পসমূহ সম্পর্কে বিস্তারিত তথ্য উপস্থাপন করা হয়।

উল্লেখ্য, বিভিন্ন হাসপাতাল ও গবেষণা কেন্দ্রের চিকিৎসক, গবেষক ও বিশেষজ্ঞগণ এই সিম্পোজিয়ামে অংশগ্রহণ করেন।

# চারুকলা অনুষদের অঙ্কন ও চিত্রায়ণ বিভাগের 'বার্ষিক শিল্পকর্ম প্রদর্শনী-২০১৮'




ঢাকা বিশ্ববিদ্যালয় চারুকলা অনুষদের অঙ্কন ও চিত্রায়ণ বিভাগের শিক্ষার্থীদের সপ্তাহব্যাপী বার্ষিক চিত্রকলা প্রদর্শনী-২০১৮ গত ১১ নভেম্বর ২০১৮ চারুকলা অনুষদের জয়নুল গ্যালারীতে উদ্বোধন করা হয়েছে। উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে প্রদর্শনীর উদ্বোধন করেন। বিভাগীয় চেয়ারম্যান অধ্যাপক শিশির কুমার ভট্টাচার্যের সভাপতিত্বে অনুষ্ঠিত অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন অনুষদের ডিন অধ্যাপক নিসার হোসেন, অধ্যাপক রফিকুন নবী এবং শিল্পাচার্য পুত্র প্রকৌশলী মইনুল আবেদিন। স্বাগত বক্তব্য প্রদান করেন প্রদর্শনীর আহ্বায়ক অধ্যাপক মোস্তাফিজুল হক। উদ্বোধনী অনুষ্ঠানে চারুকলা অনুষদের শিক্ষকবৃন্দ ছাড়াও বিপুল সংখ্যক শিক্ষার্থী উপস্থিত ছিলেন।

প্রদর্শনী উপলক্ষ্যে শিল্পকর্মের স্বীকৃতিস্বরূপ তেল রং, জল রং, পেন্সিল এবং নিরীক্ষাধর্মী বিভাগে নয়জন শিক্ষার্থীকে পুরস্কৃত করা হয়। শহীদ শাহনেওয়াজ স্মৃতি পুরস্কার (পেন্সিল মাধ্যম) পেয়েছেন আরাফাত হোসেন রুবেল, মাহবুবুল আমীন স্মৃতি পুরস্কার (জল রং) সৌরভ ধর, কাজী আবদুল বাসেত স্মৃতি পুরস্কার (তৈল রং)- সৈকত সরকার, দেলোয়ার হোসেন স্মৃতি পুরস্কার (তৈল রং) তন্ময় শেখ, আনোয়ারুল হক স্মৃতি পুরস্কার(নিরীক্ষাধর্মী)- মো. তারিকুল ইসলাম, শ্রেষ্ঠ মাধ্যম পুরস্কার (পেন্সিল) অনিকা রায়, শ্রেষ্ঠ মাধ্যম পুরস্কার (জল রং) নাজমুস সাকিম খান, শ্রেষ্ঠ মাধ্যম পুরস্কার (তৈল রং) মো. হেলাল হোসেন এবং নিরীক্ষাধর্মী কাজের শ্রেষ্ঠ মাধ্যম পুরস্কার লাভ করেছেন ফারিয়া খানম।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বলেন, বিমূর্ত এই শিল্পকর্মগুলো সৃজনশীল ও ধর্মনিরপেক্ষ। এই ধরনের প্রদর্শনীর মাধ্যমে শিক্ষার্থীদের শিল্পভাবনা ও শিল্পদক্ষতার পরিচয় ফুটে ওঠে। তাছাড়া প্রদর্শনী হলে শিল্পীদের নিজস্ব শিল্প শৈলীর প্রকাশ ঘটে।

প্রদর্শনীতে ৬০জন শিক্ষার্থীর ৭২টি শিল্পকর্ম স্থান পেয়েছে, প্রতিদিন সকাল ১১টা থেকে রাত ৮টা পর্যন্ত সকলের জন্য এই প্রদর্শনী উন্মুক্ত ছিল। প্রদর্শনী চলে ১১ থেকে ১৭ নভেম্বর পর্যন্ত।

# ফাতেমা ইকবাল ট্রাস্ট ফান্ড বৃত্তি পেলেন ১২ শিক্ষার্থী

ঢাকা বিশ্ববিদ্যালয় শামসুন নাহার হলের বিভিন্ন বিভাগের ১ম বর্ষ সম্মান পরীক্ষায় সর্বোচ্চ সিজিপিএ অর্জনকারী ১২জন ছাত্রী ফাতেমা ইকবাল ট্রাস্ট ফান্ড বৃত্তি লাভ করেছেন। গত ১১ নভেম্বর ২০১৮ হল মিলনায়তনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান শিক্ষার্থীদের হাতে বৃত্তির চেক তুলে দেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো: কামাল উদ্দীন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের অভিনন্দন জানিয়ে বলেন, ফাতেমা ইকবালের মূল্যবোধ ও কর্তব্যপরায়ণতা নতুন শিক্ষার্থীদের জন্য অনুকরণীয়। ছাত্রীদের আত্মবিশ্বাস বাড়ানোর উপর গুরুত্বারোপ করে উপাচার্য বলেন, 'তোমরা কিন্তু একা নও, তোমাদের সাথে পুরো বিশ্ববিদ্যালয় রয়েছে। তাই চারিত্রিক দৃঢ়তা ও নৈতিক মনোভাবের দৃঢ় প্রত্যয় নিয়ে সামনে এগিয়ে যেতে হবে'।




এতে শুভেচ্ছা বক্তব্য প্রদান করেন হলের প্রাধ্যক্ষা অধ্যাপক ড. সুপ্রিয়া সাহা। স্বাগত বক্তব্য দেন হলের আবাসিক শিক্ষক সৈয়দ মমতাজ শিরিন এবং ধন্যবাদ জ্ঞাপন করেন খন্ডকালীন আবাসিক শিক্ষক ড. তানজিন আকতার। প্রাক্তন আবাসিক শিক্ষক ফাতেমা ইকবাল (কেয়া) সম্পর্কে স্মৃতিচারণ করেন তার সহপাঠী আফরোজা খালেদ ও সহকর্মী সুলতানা ফেরদৌস আরা খানম। বিভিন্ন হলের প্রাধ্যক্ষ ও শিক্ষকবৃন্দ ছাড়াও বিপুল সংখ্যক ছাত্রী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

বিভিন্ন বিভাগের বৃত্তিপ্রাপ্ত ছাত্রীরা হলেন- তামান্না আক্তার (উর্দু), সাদিয়া (ইসলামিক স্টাডিজ), উম্মে তাসকিয়া (সংস্কৃত), সুমাইয়া ফারজানা শেফা (শান্তি ও সংঘর্ষ অধ্যয়ন), স্নিগ্ধা দেবনাথ (রাস্ট্রবিজ্ঞান), মোছা জেসমিন আকতার (নৃবিজ্ঞান), তৃষ্ণা দত্ত (ফলিত গণিত), তুহিন আক্তার (প্রাণিবিদ্যা), নুসরাত জাহান শাওন (ফার্মেসী), জোবায়দা মনি (ফিন্যান্স), সুপ্রিয়া পাল (ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেমস্) ও মোছা নিশা খাতুন (স্বাস্থ্য অর্থনীতি ইনস্টিটিউট)

# ৫ শিক্ষার্থীর বৃত্তি লাভ



বিএস সম্মান এবং এমএস পরীক্ষায় সর্বোচ্চ সিজিপিএ লাভ করায় ঢাকা বিশ্ববিদ্যালয় মৎস্য বিজ্ঞান বিভাগের ২জন মেধাবী শিক্ষার্থীকে 'অধ্যাপক মোহাম্মদ শফি ট্রাস্ট ফান্ড বৃত্তি' প্রদান করা হয়েছে। এছাড়া, বিভাগের ৩জন শিক্ষার্থী 'আমেনা লতিফ ট্রাস্ট ফান্ড বৃত্তি' লাভ করেছেন। গত ২০ নভেম্বর ২০১৮ উপাচার্য দফতর সংলগ্ন লাউঞ্জে এক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান শিক্ষার্থীদের হাতে বৃত্তির চেক ও সনদপত্র তুলে দেন।

বিভাগের চেয়ারপার্সন অধ্যাপক ড. কানিজ ফাতেমার সভাপতিত্বে অনুষ্ঠানে ট্রাস্ট ফান্ডের দাতা অধ্যাপক ড. মোহাম্মদ শফি বিশেষ অতিথি হিসাবে বক্তব্য রাখেন। এসময় বিভাগীয় শিক্ষকগণ উপস্থিত ছিলেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান নৈতিক মূল্যবোধ সম্পন্ন ভাল মানুষ হওয়ার জন্য শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানান। দেশের মৎস্য বিজ্ঞান শিক্ষা ও গবেষণার উন্নয়নে অনন্য অবদানের জন্য ট্রাস্ট ফান্ডের দাতা অধ্যাপক মোহাম্মদ শফিকেও উপাচার্য ধন্যবাদ দেন।

অধ্যাপক মোহাম্মদ শফি ট্রাস্ট ফান্ড বৃত্তিপ্রাপ্তরা হলেন- মো: ইনজা-মামুন হক (এমএস) এবং মো: আল জাহিদ (বিএস)। আমেনা লতিফ ট্রাস্ট ফান্ড বৃত্তিপ্রাপ্তরা হলেন- শাওন আহমেদ, মোছা: নিলুফা ইয়াসমিন এবং মো: শাফিউজ্জামান।

# শহীদ গিয়াসউদ্দিন আহমদ ট্রাস্ট ফান্ডের মূলধন বৃদ্ধি



ঢাকা বিশ্ববিদ্যালয় ইতিহাস বিভাগের মেধাবী শিক্ষার্থীদের স্বর্ণপদক প্রদানের উদ্দেশ্যে প্রতিষ্ঠিত শহীদ গিয়াসউদ্দিন আহমদ ট্রাস্ট ফান্ডের মূলধন বৃদ্ধি করা হয়েছে। এই মূলধন বৃদ্ধির লক্ষে গত ১৫ নভেম্বর ২০১৮ ট্রাস্ট ফান্ডের দাতা ঢাকা বিশ্ববিদ্যালয় গনিত বিভাগের সংখ্যাতিরিক্ত অধ্যাপক সাজেদা বানু ১০লক্ষ টাকার একটি চেক বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীনের কাছে হস্তান্তর করেন। এ নিয়ে ট্রাস্ট ফান্ডের মূলধন দাঁড়াল ১৫ লক্ষ টাকা।

উপাচার্য লাউঞ্জে চেক হস্তান্তর অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন কলা অনুষদের ডিন অধ্যাপক ড. আবু মো. দেলোয়ার হোসেন, ইতিহাস বিভাগের ভারপ্রাপ্ত চেয়ারম্যান অধ্যাপক ড. নুরুল হুদা আবুল মনসুর, অধ্যাপক ড. আমজাদ আলী এবং ভারপ্রাপ্ত রেজিস্ট্রার মো: এনামউজ্জামান।

# 'সমাজ পরিবর্তনে শিক্ষার্থী' শীর্ষক প্রচারাভিযান




সন্ত্রাস, জঙ্গিবাদ, মাদক ও বাল্য বিবাহের বিরুদ্ধে সামাজিক প্রতিরোধ গড়ে তোলার লক্ষ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ১২শ' শিক্ষার্থী সম্প্রতি এক প্রচারাভিযানে অংশ নেয়। ঢাকা ইউনিভার্সিটি অ্যালামনাই অ্যাসোসিয়েশনের উদ্যোগে "সমাজ পরিবর্তনে শিক্ষার্থী" শীর্ষক এই অভিযান পরিচালিত হয়। শিক্ষার্থীরা নিজ নিজ জেলা, উপজেলা, ইউনিয়ন, গ্রাম ও বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে এই অভিযান চালায়। প্রচারাভিযানে অংশগ্রহণকারী শিক্ষার্থীরা গত ২৪ নভেম্বর ২০১৮ টিএসসি মিলনায়তনে এক অনুষ্ঠানে অভিজ্ঞতা বিনিময় করেন। ঢাকা ইউনিভার্সিটি অ্যালামনাই অ্যাসোসিয়েশনের সভাপতি এ কে আজাদের সভাপতিত্বে অভিজ্ঞতা বিনিময় অনুষ্ঠানে ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ, অ্যাসোসিয়েশনের সাবেক সভাপতি মঞ্জুর এলাহী, সিনিয়র সহ-সভাপতি এ্যাডভোকেট আলহাজ্ব মোল্লা মোহাম্মদ আবু কাওছার, কার্যনির্বাহী কমিটির সদস্য আনোয়ার-উল-আলম চৌধুরী, এফবিসিসিআই-এর সভাপতি মো. শফিউল ইসলাম মহিউদ্দিন প্রমুখ বক্তব্য রাখেন। অ্যাসোসিয়েশনের মহাসচিব রঞ্জন কর্মকার অনুষ্ঠান সঞ্চালন করেন।




"একুশ বছর পূর্তির প্রত্যয়ে করবো রক্তদান, হবে মানবতার জয়" প্রতিপাদ্য নিয়ে গত ২৪ অক্টোবর ২০১৮ ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তন প্রাঙ্গণে বেলুল উড়িয়ে উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান 'বাঁধন'-এর ২১তম প্রতিষ্ঠাবার্ষিক অনুষ্ঠানের উদ্বোধন করেন। পরে উপাচার্যের নেতৃত্বে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে এক বর্ণাঢ্য শোভাযাত্রা বের করা হয়।

**সম্পাদক: মাহমুদ আলম**, পরিচালক (ভারপ্রাপ্ত), প্রধান প্রতিবেদক: মোঃ রফিকুল ইসলাম পান্না, প্রতিবেদক: তাওহিদা খানম ও মো: আবু বকর সিদ্দিক, সম্পাদনা সহকারী: নুরুন্নাহার বেগম এবং মোঃ নজরুল ইসলাম
ফটো সাংবাদিক: আনোয়ার মজুমদার, মোঃ জাকির হোসেন ও শুভাশীষ রঞ্জন সরকার। জনসংযোগ দফতর কর্তৃক প্রকাশিত এবং গ্র্যাফোসম্যান রিপ্রোডাকশন এন্ড প্রিন্টিং লি., ঢাকা কর্তৃক মুদ্রিত। ফোন: ৯৬৬১৯০০-৫৯/৪১০০, ০১৭৫৮৪৯২৪১৫